

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ৫৫০

তারিখ: ১৮/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের দুপুর বেলায় নিম্নমানের খাবার পরিবেশনের বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৮/০৫/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আপনার উপজেলায় ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আওতায় ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম জুম এ্যাপের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং করার সময় লক্ষ্য করা যায় প্রশিক্ষণার্থীদের শুধুমাত্র খিচুরি ও ডিম দিয়ে দুপুরে খাবার পরিবেশন করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের জনপ্রতি প্রতিদিন দুপুরের খাবার বাবদ ভ্যাট ও আয়করসহ ২৫০ টাকা বরাদ্দ থাকলেও বর্ণিত দিনে দুপুরে যে খাবার পরিবেশন করা হয়েছে তার মূল্য আনুমানিক ৬০-৭৫ টাকার বেশী নয়। যদিও প্রশিক্ষণে অনেক সময় সুফলভোগী সদস্যদের ছোট ছোট বাচ্চাদের কারণে অতিরিক্ত প্যাকেট/খাবার আয়োজনের প্রয়োজন হয়। তদুপরি মাত্র ৬০-৭৫ টাকার সমপরিমাণ খাবার দুপুর বেলায় পরিবেশন কোন অবস্থাতেই কাম্য নয় এবং ইহা সরকারী অর্থ অপব্যয়ের সামিল। আপনার সার্বিক তদারকীতে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক এ ধরনের কার্যক্রমের কারণে আপনার ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়াসহ দায়িত্বহীনতার বিষয়টি প্রতিয়মান হয়। তাছাড়া প্রশিক্ষণ কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জুম এ্যাপের মাধ্যমে সময় সময় তদারকী করা হয়।

এমতাবস্থায়, ০৩ দিন মেয়াদী আইজিএভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের দুপুর বেলায় নিম্নমানের খাবার পরিবেশনের বিষয়ে আগামী ২৩/০৫/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আপনাকে মতামত প্রদানের অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
দশমিনা, পটুয়াখালী।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), দশমিনা, পটুয়াখালী।
৬. অফিস নথি।